

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৮৬

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ এমন শব্দ ব্যবহার করা যার দ্বারা উদ্দেশ্য হলো পরিপূর্ণ নয় বরং অপরিপূর্ণ এমন জিনিসের সেই জিনিসের নাম ব্যবহারকে নাকচ করা; বাহ্যিকভাবে তার ভিত্তিতে হুকুম দেওয়া উদ্দেশ্য নয়- এই ব্যাপারে স্পষ্ট দ্বিতীয় হাদীস

ذَكَرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِإِطْلَاقِ لَفْظَةِ مُرَادَهَا نَفْيُ الْإِسْمِ عَنِ الشَّيْءِ لِلنَّقْصِ عَنِ الْكَمَالِ لَا الْحُكْمُ عَلَى ظَاهِرِهِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ أَخْبَرَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنِ الْأَوْزَاعِيِّ عَنِ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ وَأَبُو بَكْرِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ كُلُّهُمْ يُحَدِّثُونَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "لَا يَزْنِي الزَّانِي حِينَ يَزْنِي وَهُوَ مُؤْمِنٌ وَلَا يَسْرِقُ السَّارِقُ حِينَ يَسْرِقُ وَهُوَ مُؤْمِنٌ وَلَا يَشْرَبُ الْخَمْرُ حِينَ يَشْرَبُهَا وَهُوَ مُؤْمِنٌ وَلَا يَنْتَهَبُ نَهْبَةً ذَاتَ شَرَفٍ يَرْفَعُ الْمُسْلِمُونَ إِلَيْهَا أَبْصَارَهُمْ وَهُوَ حِينَ يَنْتَهَبُهَا مُؤْمِنٌ". فَقُلْتُ لِلزُّهْرِيِّ: مَا هَذَا؟ فَقَالَ: عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْبَلَاغُ وَعَلَيْنَا التَّسْلِيمُ".

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 186 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮৬. আবু হুরাইরা রাডিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'ব্যভিচারী ব্যক্তি যখন ব্যভিচার করে তখন সে মু'মিন থাকে না। চোর যখন চুরি করে তখন সে মু'মিন থাকে না। মদ পানকারী ব্যক্তি যখন মদ পান করে তখন সে মু'মিন থাকে না। লুণ্ঠনকারী ব্যক্তি যখন কোন সম্ভ্রান্ত ব্যক্তির লুণ্ঠন করে আর মুসলিমরা তার দিকে চোখ তুলে তাকিয়ে থাকে, তখন সে মু'মিন থাকে না।[1]

অধঃস্তন রাবী ইমাম আওয়াঈ রহিমাহুল্লাহ তাঁর উস্তাদ ইমাম যুহরী রহিমাহুল্লাহকে জিজ্ঞেস করলেন: 'এর মর্মার্থ কী?' তখন তিনি জবাবে বললেন: 'রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দায়িত্ব হলো পোঁছে দেওয়া আর আমাদের দায়িত্ব হলো মেনে নেওয়া।'

### ফুটনোট

[1] নাসাঈ: ৮/৩১৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৬; সহীহ মুসলিম: ৫৭; দারেমী: ২/৮৭; বাইহাকী, আস সুনান: ১০/১৮৬; সহীহ আল বুখারী: ৫৫৭৮; ইবনু মাজাহ: ৩৯৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১১/৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু আবী শায়বাহ, আল ঈমান: ১৩ পৃষ্ঠা)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=88397>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন